গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
(web: www.bkkb.gov.bd)

স্মারক নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৪১.০০৩.২৩.১২৫

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

বিষয়: **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের "সাধারণ চিকিৎসা অনুদান" সেবার অনলাইন সফটওয়্যার চালুকরণ।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সাধারণ চিকিৎসা অনুদানের ফরম-০১ সংশোধনপূর্বক যুগোপযোগীকরণ এবং "সাধারণ চিকিৎসা অনুদান" এর আবেদন অনলাইনে গ্রহণের ব্যবস্থা চালু করার বিষয়টি ৩৭তম বোর্ড সভায় অনুমোদনের পর বিজ্ঞপ্তি জারির মাধ্যমে ০৩/১০/২০২৩ তারিখ থেকে ফরমটি কার্যকর করা হয়।

০২। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি, নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের উদ্দেশ্যে সাধারণ চিকিৎসা অনুদানের অনলাইন সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে। উন্নয়নকৃত সফটওয়্যারটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে।

০৩। **এ পরিপ্রেক্ষিতে, বোর্ডের "সাধারণ চিকিৎসা অনুদান" সেবার অনলাইন সফটওয়্যার চালুর বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:**

**(ক) বোর্ডের প্রধান কার্যালয়ে সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন প্রচলিত নিয়মের পরিবর্তে ১ জুন, ২০২৪ থেকে অনলাইনে URL: https://eservice.bkkb.gov.bd/general ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনের হার্ডকপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;**

**(খ) প্রাথমিক পর্যায়ে পাইলট প্রক্রিয়া হিসেবে প্রধান কার্যালয়ের অধিক্ষেত্রে অবস্থিত অর্থাৎ শুধু ঢাকা মহানগরের সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণ উপরোক্ত লিংকের মাধ্যমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে অনলাইনে আবেদন করতে পারবেন। পরবর্তীতে এ কার্যক্রম বিভাগীয় পর্যায়ে চালু করা হবে।**

০৪। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

২৩.০৪.২৪

(এ. কে. এম আবদুল্লাহ খান)
অতিরিক্ত মহাপরিচালক
ফোন: +৮৮-০২-৪৯৩৪৯৩২৩
ই-মেইল: adg@bkkb.gov.bd

**বিতরণ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, .................................................................................................।
৩. বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর।
৫. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬. অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন ও অর্থ)/ অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. পরিচালক(প্রশাসন)/ পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১১. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. তথ্য অফিসার, পি.আই.ডি, সংবাদ কক্ষ।
১৩. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. অফিস কপি।